

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

তারিখঃ ০২/০৬/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং-১৫৬/২০২৬

যেহেতু, জনাব মোঃ হাসান খান, মাস্টার পাইলট, পূর্ব-ব-দ্বীপ শাখা, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এর বিরুদ্ধে গত ২৫/০২/২০২৫খ্রিঃ তারিখ রাতে কিং ফিশার শিপিং লাইসেন্স কোম্পানীর জাহাজ ও.টি সাংহাই-৭ এর মাস্টারের সাথে অসৌজন্যমূলক আচরণ, নৌকা ভাড়া ও বকশিস দাবি করা এবং বকশিস না দিলে জাহাজ আটকে রাখার হুমকি প্রদানসহ উক্ত জাহাজে ডিউটিতে না যাওয়ার অভিযোগটি কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটির তদন্তে প্রমানিত হওয়ায় কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১১৮৪/২০২৫; তারিখঃ ১৬/০৭/২০২৫খ্রিঃ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব মোঃ হাসান খান, মাস্টার পাইলট(সাময়িক বরখাস্তকৃত) এর উক্তরূপ কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি, এতে কর্তৃপক্ষের সুনাম ক্ষুণ্ণ হয়েছে। যা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক) এবং ৩৫(খ) প্রবিধান অনুসারে যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা" এবং "অসদাচরণ" এর অন্তর্ভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮. ৭০৭. ০৪৭. ০০. ০০. ৩১৭. ২০২৫/২০৪(৬), তারিখঃ ২১/০৮/২০২৫খ্রিঃ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রঞ্জু করা হয়; যেহেতু, তিনি গত ০৪/০৯/২০২৫খ্রিঃ তারিখ অভিযোগনামার জবাব দাখিল করেন; যেহেতু, অভিযোগনামার জবাবের প্রেক্ষিতে গুরু দণ্ড আরোপের উদ্দেশ্যে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(২)(গ) মোতাবেক কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৮৫৪/২০২৫; তারিখঃ ০৯/১০/২০২৫খ্রিঃ দ্বারা জনাব মোহাম্মদ হাবিবুর রহমান, যুগ্ম-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২৩/১২/২০২৫খ্রিঃ তারিখ চেয়ারম্যান মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করেন; যেহেতু, তদন্ত প্রতিবেদনের বিষয়ে অর্থ মহোদয়ের গত ০৮/০৩/২০২৬খ্রিঃ তারিখের মতামতের উপর তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ০৬/০৪/২০২৬খ্রিঃ তারিখে ব্যাখ্যা প্রদান করেন; যেহেতু, তদন্ত প্রতিবেদন সহ নথি চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন করা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য রেকর্ডপত্র পরীক্ষান্তে জনাব মোঃ হাসান খান, মাস্টার পাইলট(সাময়িক বরখাস্তকৃত), নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম (বর্তমান কর্মস্থল, ঢাকা) এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (ক) প্রবিধান মোতাবেক "তিরস্কার" লঘু দণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ হাসান খান, মাস্টার পাইলট, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম (বর্তমান কর্মস্থল, ঢাকা) এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (ক) প্রবিধান মোতাবেক "তিরস্কার" লঘু দণ্ড আরোপ করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম পরিসমাপ্তি করা হলো; তিনি একই পদে তার পূর্ববর্তী কর্মস্থল নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম কাজে যোগদান করবেন;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ সাইফুল ইসলাম)

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)

বিআইডব্লিউটিএ।